

## ভারতের উড়োজাহাজ দুর্ঘটনা নিয়ে যা বললো পাকিস্তান

- A Monitor Desk Report

Date: 13 June, 2025



ঢাকাঃ ভারতের আহমেদাবাদে ঘটে যাওয়া উড়োজাহাজ দুর্ঘটনায় পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ দুঃখ প্রকাশ করেছেন।

নিজের এক্স (সাবেক টুইটার) হ্যান্ডলে তিনি লিখেছেন, আহমেদাবাদে এয়ার ইন্ডিয়ার উড়োজাহাজ ভেঙে পড়ার ঘটনায় আমি বিষণ্ণ।

শাহবাজ শরিফ আরও লিখেছেন, আহত-নিহতদের পরিবারগুলো যখন তাদের এই অপূরণীয় ক্ষতির জন্য শোক পালন করছে, আমরাও আমাদের তরফ থেকে তাদের সমবেদনা জানাচ্ছি।

তিনি আরও যোগ করেন, এই হৃদয়বিদারক দুর্ঘটনার প্রভাব যাদের ওপরে পড়েছে, তাদের জন্য আমাদের প্রার্থনা রইল।

এদিকে, উড়োজাহাজ দুর্ঘটনায় ভারতীয় কর্তৃপক্ষকে যেকোনো ভাবে সহায়তা করার কথা জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি এই দুর্ঘটনাকে “উড়োজাহাজ চলাচলের ইতিহাসে সবথেকে ভয়াবহ” ক্র্যাশগুলোর অন্যতম বলে মন্তব্য করেছেন।

তার কথায়, কেউ বুঝতেই পারেনি যে কী হলো? দেখে মনে হচ্ছিল উড়োজাহাজটি ঠিক মতোই উড়ছিল।

ইতোমধ্যে উড়োজাহাজ দুর্ঘটনাস্থল পরিদর্শন করেছেন দেশটির কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। সেখান থেকেই তিনি জানিয়েছেন, এয়ার ইন্ডিয়ার বিধ্বস্ত উড়োজাহাজটিতে ১.২৫ লাখ লিটার জ্বালানি ছিল এবং অত্যধিক তাপমাত্রার কারণেই যাত্রীদের বাঁচানো সম্ভব হয়নি।

-B